জীবননগর হাসাদাহ ইউনিয়ন বিএনপি’র আলোচনা সভা অনুষ্ঠিত

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি কে সু-সংগঠিত করার লক্ষ্যে গতকাল বিকাল ৫ ঘটিকার সময় হাসাদাহ ইউনিয়ন বিএনপি’র এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

হাসাদাহ ইউনিয়ন বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আব্দুস সালামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর থানা বিএনপি’র সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন খান খোকন।

এ সময় উক্ত আলোচনা অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ইউনিয়ন বিএনপি’র অন্যতম নেতা সাবেক সিনিয়র সহ-সভাপতি রেজাউল ইসলাম লাল, সিনিয়র নেতা শফিকুল আলম লিটন, আব্দুল্লাহ আল-মামুন, মিজানুর রহমান।

আরো উপস্থিত ছিলেন জীবননগর থানা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক সাইদুর রহমান রানা, মামুনুর রশিদ, মেহেদী হাসান, তরিকুল ইসলাম, শাহিন, ছাত্রদল নেতা রুবেল হোসেন, রিমন হোসেন, মাহমুদ হাসান কবির, আক্তারুজ্জামান সহ অত্র ইউনিয়নের সকল নেতা কর্মীবৃন্দ।

এ সময় উপস্থিত সকলে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি কে সুসংগঠিত করার লক্ষে সকলকে এক হয়ে কাজ করার জন্য আহ্বান জানান।

জীবননগরে বৈদেশিক কর্মসংস্থানের লক্ষ্যে সেমিনার

“নিরাপদ অভিবাসন চান,সঠিক তথ্য জেনে যান,প্রশিক্ষণ নেব,দক্ষ হব,নিয়ম মেনে বিদেশ যাব” এই প্রতিপাদ্যে মানসম্পন্ন অভিবাসন নিশ্চিত করার লক্ষ্যে জীবননগরে দক্ষ যুব ও যুব মহিলাকে বিদেশে কর্মসংস্থান ব্যবস্থার লক্ষ্যে প্রেসব্রিফিং ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার সকাল ১০টার সময় প্রবাসী কল্যাণ বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়ের সহযোগিতায় এবং জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে জীবননগর উপজেলা পরিষদের অডিটোরিয়ামে এ প্রেসব্রিফিং, সেমিনার ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকনের সভাপতিত্বে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান হাফিজ,ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর থানার ওসি (অপারেশন) মোল্লা সেলিম,উথলী ইউপি চেয়ারম্যান আবুল কালাম আযাদ,উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার,

মৎস্য অফিসার ফরহাদুর রেজা,সমবায় অফিসার মতেহার হোসেন,সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী রাজিব হোসেন,জীবননগর ডিগ্রী কলেজের উপাধ্যক্ষ জসিম উদ্দিন জালাল,জীবননগর থানা আওয়ামীলীগের সাধারন সম্পাদক নজরুল ইসলাম,সাংবাদিক শামসুল আলম, সালাউদ্দিন কাজল, আতিয়ার রহমান, শামসুর রহমান, ফয়সলা মাহাতাব মানিক, মিঠুন মাহমুদ, চাষী রমজান, মতিয়ার রহমান প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসের সহকারী পরিচালক হাসান আল কামাল ।

জীবননগর সাংবাদিকদের সাথে উপজেলা চেয়ারম্যানের মতবিনিময়

জীবননগর উপজেলা চেয়ারম্যান হাফিজুর রহমান ও ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকি হাসাদাহ প্রেসক্লাবে পরিদর্শন করে সাংবাদিকদের সাথে মতবিনিময় করেন।

গতকাল শুক্রবার বিকালে হাসাদাহ প্রেসক্লাবের সভাপতি সাংবাদিক ডি. এম. মতিয়ার রহমানের সভাপতিত্বে এক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।

বক্তব্যে হাফিজুর রহমান বলেন, দেশকে মহামারী করোনা ভাইরাস থেকে

রক্ষা করার জন্য সবাইকে একসাথে কাজ করতে হবে। যেমন: মাস্ক পরিধান করা, সামাজিক দূরত্ব বজায় রেখে চলাচল করা, বারবার সাবান দিয়ে হাত ধৌত করা। এভাবেই আমরা করোনা ভাইরাস থেকে রক্ষা পেতে পারি।

এছাড়াও বক্তব্য রাখেন আয়েশা সুলতানা লাকি ও সহ-সভাপতি শামসুল আলম। এসময় উপস্থিত ছিলেন প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মনিরুজ্জামান রিপন, সহ-সাধারণ সম্পাদক মুন্সী কবীর হোসেন, কোষাধ্যক্ষ বদরুজ্জামান শ্যামল, দপ্তর ও প্রচার সম্পাদক আল-আমিন হোসেন, কার্যকরী সদস্য কবির আহম্মেদ, বিপুল রহমান, লিমন হুসাইন প্রমুখ।

জীবননগরে মাস ব্যাপী কম্পিউটার প্রশিক্ষণের উদ্বোধন

জীবননগরে মাস ব্যাপী কম্পিউটার প্রশিক্ষণের উদ্বোধন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে মাস ব্যাপী ভ্রাম্যমাণ কম্পিউটার প্রশিক্ষণের উদ্বোধন করা হয়।

টেকনোলজি এম পাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডার প্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকব) প্রকল্পের আওতায় আইসিটি ট্রেনিং ভ্যানের মাধ্যমে এক মাস মেয়াদী কম্পিউটার প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করা হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে মাস ব্যাপী কম্পিউটার প্রশিক্ষণের উদ্বোধন করেন জীবননগর উপজেলা পরিষেদেও চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন প্রশিক্ষক আব্দুল্লাহ আল মামুন,জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী প্রমুখ।

জীবননগরে বিএনপির ৪২তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

জীবননগরে বিএনপির ৪২তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ৯টার সময় বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ৪২তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষে উপজেলা বিএনপির অস্থায়ী কার্যলয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তলনসহ দোয়া ও আলোচনা সভা শেষে প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটা হয়।

জীবননগর পৌর বিএনপির সাবেক সহ-সভাপতি আঃ রশিদের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন, জেলা যুবদলের সহ-সভাপতি আবুল হোসেন তোয়া, আরিফ জাহাঙ্গীর রাজা, পৌর যুবদলের আহবায়ক ও পৌর কাউন্সিলার হযরত আলী, পৌর বিএনপি নেতা মজনু রহমান, পৌর কাউন্সিলার আপিল মাহমুদ, হাবিবুর রহমান হবি, সাবেক কাউন্সিলার হাসান ,রায়হান নবী, খালেক,আশরাফ আলী, আমান হোসেন, রফা, বিএনপি নেতা বদর উদ্দিন বাদল, আয়ুব হোসেন, হাফিজুর রহমান, শহিদুল ইসলাম,

রফিউল ইসলাম, সেলিম হোসেন,রেজাউল, মতিয়ার, জাহাঙ্গীর, আতিয়ার রহমান, মোস্তাফিজুর রহমান সোনা, সালাম, মিজান, বাশার মেম্বার, ডাঃ মিজান, আলী হোসেন, টিপু মেম্বার, আমিনুল, জাফির মেম্বার, যুবদল নেতা আলতাফ, সাইফুল, সরোয়ার, রানা, সমসের, শিলন, মন্টু, আবুল,হাসানুজ্জামান, কাশেম,লাল, মিজান, ভুট্টু, সাইফুল, মিজান, শামীম, জিয়া, ইনামুল, বাবু, সুমন, মামুন, শাহিন,আরজ,নাজমুল ,জাহাঙ্গীর,কানন, জুলফিক্কার, মজিদ, সালাম মেম্বার, বকুল পৌর যুবদল নেতা, আনার হোসেন,

রাশেদিন, বাহার, রাজ্জাক, রবগুল, মোমিন, আরজ, সামাউল,মিঠু, আলফাজ, শুকুর, সাকের, হাকিম, শাজামাল, জাহাঙ্গীর, ইনাম, আরিফ, সান্টু, উপজেলা ছাত্রদল, মামুন পারভেজ, জ্যাকি, মাজেদ, রুবেল, তুহিন, শাহিন,রাসেল,পৌর ছাত্রদল নেতা , রাসেল, মুরাদ জন, আলামিন ,সম্রাট, নাজমুল, শাওন, সবুজ, তবিবুর, আফ্রিদি,কলেজ ছাত্রদল নেতা, রুমান, মুরাদ ছোট, ইমন, নাহিদ, হাসান, স্বাধীন প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর উপজেলা যুবদলের আহবায়ক ও ৪নং সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মঈন উদ্দিন ময়েন ।

জীবননগরের হাসাদাহে জনতা ব্যাংকের উদ্দ্যোগে গাছের চারা বিতরণ

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে হাসাদাহ জনতা ব্যাংক লিমিটেড এর উদ্দ্যোগে গ্রহকের মাঝে ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা বিতরণ করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকাল ১০টার দিকে বিতরণ করা হয়েছে ।

এ সময় গাছের চারা বিতরণ করেন হাসাদাহ জনতা ব্যাংক শাখা লিমিটেড এর পিও ম্যানেজার এস,এম সুলতানুল ইসলাম, এসও রফিবুল হাসান, আরসিও রাশেদুল করিম,ক্যাশ অফিসার শেখ রিফফাত নওয়ারীন, সাংবাদিক আল আমিন, এসএসসিটু আবু সালাউদ্দীন, ক্যাজুয়াল পিওন ফয়সাল কবির প্রমুখ এ সময় উপস্থিত ছিলেন।

প্রায় কোটি টাকা নিয়ে চম্পট…

চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলা হাসাদাহ ইউনিয়ন সহ অত্র এলাকায় ” মানব কল্যাণ সংস্থার (মাকস্) নামে ভুয়া এনজিও প্রতিষ্ঠান খুলে এলাকার সর্ব সাধারণের সাথে প্রতারণা করে প্রায় কোটি টাকা হাতিয়ে চম্পট দিয়েছেন বলে এমন অভিযোগ পাওয়া গিয়েছে।

জানাযায় জীবননগর উপজেলায় আশতলা পাড়ায় মানব কল্যাণ সংস্থা (মাকস্) এর নামে ভুয়া এনজিও প্রতিষ্ঠান খুলে অত্র উপজেলার গরীব ও অসহায় মানুষকে ঠকিয়ে প্রায় কোটি টাকা হাতিয়ে নিয়ে চলে গেছেন। এতে করে এলাকার মানুষ বড়ই বিপাকে পড়ে অসহায়ের মত টাকা উদ্ধারের জন্য দারে দারে ঘুরছেন ।

প্রতারণার শিকার এমন এক ভুক্তভোগী সাংবাদিকদের বলেন যে, সুজন নামের এক ব্যক্তি উক্ত সংস্থার ম্যানেজার পরিচয় দিয়ে আমাদের নিকট থেকে সঞ্চয় নিয়ে ঋণ দেওয়ার কথা বলে প্রত্যকের নিকট হতে পাঁচ হাজার টাকা করে সঞ্চয় জমা নেন। পরে ঋণ দেওয়ার নির্ধারিত তারিখের আগেই অফিস গুছিয়ে পালিয়ে গেছেন।

পরবর্তিতে ঐ সংস্থার ম্যানেজার পরিচয় দানকারী সুজনের মুঠো ফোনে একাধীকবার ফোন দিয়েও নাম্বারটি বন্ধ পাওয়া যায় । উক্ত নাম্বারটি হল ০১৯০৮-৩৮২৯৯৭ । পরে উক্ত এনজিওর একটি সঞ্চয় ও পাস বইয়ের খোঁজ মিললে উক্ত পাস বহির উপরে সংস্থার হেড অফিস ১৩ এ/ ৩ এ ব্লক বি , রাবর রোড , মোহাম্মদপুর , ঢাকা – ১২০৭ লেখা ছিল ।

এলাকাবাসী এই প্রতারক চক্র থেকে সকলকে সচেতন থাকার জন্য অনুরোধ জানিয়েছেন সাথে সাথে এই সমস্ত প্রতারক চক্রকে চিহ্নিত করে অতিদ্রুত শাস্তির আওতায় আনার জন্য সকলের সহযোগিতা কামনা করেছেন।

জীবননগর সীমান্তে বিট পুলিশিং কার্যক্রমের উদ্বোধন

জীবননগর সীমান্ত ইউনিয়নে বিট পুলিশিং কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

গতকাল শনিবার সকাল সাড়ে ১১টার সময় জীবননগর সীমান্ত ইউনিয়নের হলরুমে সীমান্ত ইউপি চেয়ারম্যান মঈন উদ্দিন ময়েনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সীমান্ত ইউনিয়নে বিট পুলিশিং কার্যক্রমের উদ্বোধন করেন জীবননগর-দামুড়হুদা সার্কেল এ এস পি আবু রাসেল ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম, জীবননগর থানার ওসি তদন্ত ফেরদৌস ওয়াহিদ, সীমান্ত ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম শুকুর প্রমুখ।

জীবননগরে মনোয়ারা সনো সেন্টারের বিরুদ্ধে স্থানীয়দের গণপিটিশন

জীবননগরে জনবসতি এলাকায় মনোয়ারা সনো সেন্টার স্থাপন করে জনগনের চলাচলে বিঘ্ন সৃষ্ঠি ও পরিবেশ দুষিতকরণের বিরুদ্ধে স্থানীয়রা অভিযোগ তুলেছেন।

ঘটনাটি জীবননগর পৌর সভার ৮নং ওর্য়াডের বসতি পাড়ায় ঘটেছে এ বিষয়ে স্থানীয়রা গণ স্বাক্ষর দিয়ে বিভিন্ন দপ্তুরে অনুলিপি প্রদান করেছেন।

স্থানীয়রা অভিযোগ করে বলেন, জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্েরর পরিবার ও পরিকল্পনা কর্মকর্তা ডাঃ জুলিয়েট পারউইন এবং তার স্বামী ডাঃ রফিকুল ইসলামের যৌথ পরিচালনায় জীবননগর পৌর শহরের বসতিপাড়ায় মনোয়ারা সনো সেন্টার অ্যান্ড নার্সি হোম নামে একটি প্রতিষ্ঠান স্থাপন করেছেন।কিন্তু ক্লিনিকে আগত লোকজনের গাড়ি পার্কিয়ের তেমন কোন ব্যবস্থা না করায় সেখানে রাস্তার উপর প্রতিনিয়ত যানজটের সৃষ্ঠি হচ্ছে।

যার ফলে এলাকার সাধারণ মানুষের চলাচলে চরম ভোগান্তির শিকার হতে হচ্ছে। শুধু তাই নয় ক্লিনিকের পানি নিষ্কাশনের কোন ব্যবস্থা না থাকায় ক্লিনিক ভবনের পানি নিচে ফেলার কারণে পথচারিরা নানা ভাবে ভোগান্তির শিকার হচ্ছে।এ বিষয়গুলো ক্লিনিক মালিকদেরকে একাধীক বার বলা সত্বেও কোন প্রতিকার হয়নি।

এ বিষয়ে ডাঃ রফিকুল ইসলামের সাথে ফোনে যোগাযোগ করার চেষ্ঠা

করা হলে ফোনটি রিসিপ না করায় তার বক্তব্য নেওয়া সম্ভব হয়নি।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, মনোয়ারা সনো সেন্টারের বিরুদ্ধে অভিযোগ তুলে স্থানীয়রা একটি অভিযোগ দিয়েছে তবে বিষয়টি তদন্ত করা হচ্ছে তদন্তপূর্বক ব্যবস্থা নেওয়া হবে ।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন বলেন মনোয়ারা সনো সেন্টারের বিরুদ্ধে যে অভিযোগ উঠেছে এ বিষয়ে এখনও কোন অভিযোগ পায়নি অভিযোগ পেলে তদন্তপূর্বক ব্যবস্থা নেওয়া হবে ।

জীবননগরে মসজিদ কমিটিকে কেন্দ্র করে দুই গ্রুপের মহড়া

জীবননগরে মসজিদ কমিটি সংক্রান্ত বিষয়কে কেন্দ্র করে দুই গ্রুপের মহড়া পুলিশের বাধায় বন্ধ। অবশেষে ইউপি সদস্য আব্দুল মেম্বারসহ দুইজনের নামে জীবননগর থানায় একটি অভিযোগ দায়ের করা হয়েছে।

ঘটনাটি জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের মেদিনীপুর গ্রামে ঘটেছে।

অভিযোগকারী মেদনীপুর গ্রামের মৃত আজিজুল তরফদারের ছেলে ওর্য়াড আওয়ামী লীগের সভাপতি কাওসার আলী অভিযোগ করে বলেন, আমদের গ্রামের মসজিদ কমিটি সংক্রান্ত একটি বিষয় নিয়ে আব্দুল মেম্বার ও আজান মিয়া আমাদের ওয়ার্ড আওয়ামী লীগের নেতাকর্মীদের বিভিন্ন ভাবে অকথ্য ভাষায় গালিগালাজ করতে থাকে ।

আমি গালি দিতে নিষেধ করলে আব্দুল মেম্বার ও আজান মিয়া আমাকে মারধর করতে আসে এক পর্যায় বিষয়টি আমার ওর্য়াড আওয়ামী লীগের নেতাকর্মীদের কাছে বললে তারা আব্দুল মেম্বারের কাছে এসে ঘটনাটি জানতে চাই এ সময় আব্দুল মেম্বার তার দলবল নিয়ে আমাদের মারধর করার হুমকি প্রদান করে এ বিষয়ে আমি জীবননগর থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছি ।

সীমান্ত ইউপি সদস্য আব্দুলের সাথে কথা বলার জন্য চেষ্ঠা করা হলে ফোনটি বন্ধ থাকায় তার বক্তব্য নেওয়া সম্ভব হয়নি।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, মেদিনীপুর গ্রামে যে ঘটনা ঘটেছে এ বিষয়টি শোনা মাত্র আমি সেখানে পুলিশ ফোর্স পাঠিয়েছি ।বর্তমানে এটি থমথামা অবস্থায় আছে ।

তবে এ বিষয়ে থানায় একটি অভিযোগ দায়ের হয়েছে বিষয়টি তদন্তপূর্বক আইনগত ব্যবস্থা নেওয়া হবে ।